

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৫

৬/ সফর (أُبْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ সূরা আন্-নাজমের সিজ্দা।

باب مَا جَاءَ فِي السَّجْدَةِ فِي النَّجْم

আরবী

حَدَّتَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ الْبَزَّانُ الْبَغْدَادِيُّ، حَدَّتَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، حَدَّتَنَا وَلِيَ عَنْ أَيُّوبَ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ سَجَدَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِيهَا _ يَعْنِي النَّجْمَ _ وَالْمُسْلِمُونَ وَالْمُشْرِكُونَ وَالْجِنُّ وَالْإِنْسُ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ السُّجُودَ فِي سُورَةِ النَّجْمِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ السُّجُودَ فِي سُورَةِ النَّجْمِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ السُّجُودَ فِي سُورَةِ النَّجْمِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ السُّجُودَ فِي سُورَةِ النَّجْمِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ السُّجُودَ فِي سُورَةِ النَّجْمِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ السُّجُودَ فِي سُورَةٍ النَّجْمِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم وَغَيْرِهِمْ لَيْسَ فِي الْمُفَصَلِ سَجْدَةٌ . وَهُو قَوْلُ مَالِكِ بْنِ أَنْسٍ . وَالْقَوْلُ الْأَوّلُ أَصَحَ وَبِهِ يَقُولُ الثَّوْرِيُّ وَابْنُ الْمُبَارَكِ وَالشَّافِعِيُّ وَابْنُ الْمُبَارَكِ وَالشَّافِعِيُ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَبِي هُرَيْرَةَ .

বাংলা

৫৭৫. হারন ইবনু আবদিল্লাহ আল-বাযযার আল-রাগদাদী (রহঃ) ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতে অর্থাৎ সূরা আন্ নাজমে সিজদা করেছেন। তাঁর সঙ্গে মুসলিক, মুশরিক, জ্বীন ও মানুষ (যারা ছিল) সবাই সিজদা করেছে। - বুখারি, কিসসাতুল গারানীক (১৮, ২৫, ৩১ পৃষ্ঠা), বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৭৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসউদ ও আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত রয়েছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কতক আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। তারা সূরা আন-নাজমে সিজদা-এ-তিলাওয়াত রয়েছে বলে মনে করেন। কতক সাহাবী ও অপরাপর আলিম বলেনঃ আল-মুফসসাল সূরাসমূহে কোন সিজদা নাই। এ হ'ল ইমাম মালিক (রহঃ) এর বক্তব্য। তবে প্রথমোক্ত অভিমতটি অধিকতর সহীহ। ইমাম সাওরী, ইবনুল মুবারক, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)-ও এই অভিমত ব্যক্ত করেছেন। এই বিষয়ে ইবনু মাসউদ (রহঃ) ও আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে।



English

Ibn Abbas narrated:

"The Messenger of Allah prostrated for it - meaning (in Surat) An-Najm - and so did the Muslims, the idolaters, the Jinns, and the people."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন